# রংপুর সিটি কর্পোরেশন
## সাধারণ শাখা
www.rpcc.gov.bd

### রংপুর সিটি কর্পোরেশনের জুলাই / ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় : ১৪.০৭.২০২৫ইং সোমবার, বিকাল : ০৩:০০টা
সভার স্থান : রংপুর সিটি কর্পোরেশন সভা কক্ষ
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে বলেন। এর পরিপ্রেক্ষিতে সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র/ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত মাসিক সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদনকরণ। | প্রধান নির্বাহী কর্মকর্তা গত মাসিক সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব না থাকলে তা দৃঢ়ীকরণ করার বিষয়ে মতামত প্রদানের অনুরোধ জানান। সভায় উপস্থিত সকলে কার্যবিবরনী দৃঢ়ীকরণের বিষয়ে একমত পোষণ করেন। | গত ১২/০৫/২০২৫ইং মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদন করা হয়। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ২ | ০৫ আগস্ট /২০২৫ গণঅভ্যুত্থান দিবস উদযাপনকরণ। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-১ শাখা হতে প্রেরিত স্মারক নং-৪৬. ০০.০০০০.০৩৯.০১৮.০০৪ .২০২৫-৭১৪, তাং- ৩০ জুন ২০২৫ কার্যবিবরণীটি উপস্থাপন করেন। প্রেরিত কার্যবিবরণীটর সমন্বয়ে ১-৭ আগস্ট ২০২৫ পর্যন্ত সপ্তাহব্যাপী সড়ক, মহাসড়ক, সেতুসহ অন্যান্য স্থাপনায় ছাত্র-জনতার জুলাই গণ-অভ্যুত্থান দিবসের আলোকে ব্যানার, ফেস্টুন, প্লেকার্ড, রঙ্গিন পতাকা ইত্যাদি দ্বারা সজ্জিত করতে হবে। তাছাড়াও মাসব্যাপী জুলাই অভ্যুত্থানের উপর তথ্য ও ভিডিও চিত্র ডিসপ্লে বোর্ডে প্রদর্শন করতে হবে। এ বিষয়ে প্রশাসক মহোদয় ছাত্র-জনতার জুলাই গণ-অভ্যুত্থানকে স্থানীয় সরকার বিভাগের কার্যবিবরণীর নির্দেশনার আলোকে যথাযথভাবে পালনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | ছাত্র-জনতার জুলাই গণ-অভ্যুত্থান দিবসকে যথাযথভাবে পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখা (সকল) |
| ৩ | প্রত্যয়ন ও প্রিমিসেস লাইসেন্স সমূহের ২০২৫-২০২৬ইং অর্থ বছরের মূল্য তালিকা পুন: নির্ধারণকরণ। | সভায় প্রধান স্বাস্থ্য কর্মকর্তা উপস্থাপন করেন প্রত্যয়ন ও প্রিমিসেস লাইসেন্স সমূহের (হোটেল, রেস্টুরেন্ট) পূর্বের মেয়াদ শেষ হয়েছে, বর্তমানে ২০২৫-২০২৬ অর্থ বছরের মূল্যতালিকা পুন:নির্ধারণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় সকলে মূল্যতালিকা অপরিবর্তিত রাখার প্রস্তাব করেন। প্রশাসক মহোদয় গত বছরের মূল্যতালিকা অপরিবর্তিত রেখে এ বছরের মূল্যতালিকা হালনাগাদ করার নির্দেশনা প্রদান করেন। | প্রত্যয়ন ও প্রিমিসেস লাইসেন্স সমূহের (হোটেল, রেস্টুরেন্ট) গত বছরের মূল্যতালিকা অপরিবর্তিত রেখে এ বছরের মূল্যতালিকা প্রস্তুত করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | চিকলী বিলের উত্তর পার্শ্বের জমি লীজ সংক্রান্ত আলোচনা। | সভায় শাখা প্রধান কানুনগো উপস্থাপন করেন তফসিলভুক্ত মৌজা-রাধাবল্লভ, জে,এল নং-৯১, এস,এ খতিয়ান নং-১২, দাগ নং-১৩, জমির পরিমান-২৪.০৯ এর মধ্যে- ৪.৬০০ একর এবং মৌজা- ভগি, জে,এল নং-৬১, খতিয়ান নং- ৩, দাগ নং-১০৯০, জমির পরিমান=৪৪.৮১ এর মধ্যে .৮০০০ একর মোট জমির পরিমান = ০৫.৪০০০ একর জমির মধ্যে ৪.৬০ একর জমি লীজ প্রদান করা হয়েছিল। যার মেয়াদ গত ১১/০৭/২০২৫ তারিখে উত্তীর্ণ হয়েছে। পূর্বের লীজ গ্রহীতা জনাব মোঃ জিয়াউর রহমান, পিতা- সিদ্দিকুর রহমান, সাং- গুপ্তপাড়া, রংপুর লীজ নবায়নের জন্য আবেদন করেছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে জমিটি পুনরায় জরিপ করা হয়। জরিপ করে দেখা যায় লীজ গ্রহীতা ৫.৪০০০০ একর জমি ভোগদখল করছেন। লীজ গ্রহীতা যেহেতু ১১/০৭/২০২৫ তারিখের পরও অদ্যাবধি জমিটি ভোগদখল করছেন সেহেতু ১১/০৭/২০২৫ তারিখ হতেই লীজ নবায়ন গণ্য করার জন্য তিনি সভায় প্রস্তাব পেশ করেন। এক্ষেত্রে সিটি কর্পোরেশনের রাজস্ব বৃদ্ধি পাবে। শাখা প্রধান আরো জানান যে, ইতোপূর্বে যে মূল্যে ইজারা দেয়া হয়েছে তা সামঞ্জস্যপূর্ণ নয়। যেমন ইতোমধ্যে যে সকল হাটবাজার ইজারা দেয়া হয়েছিল তা বর্তমান বছরে অধিক মূল্যে ইজারা প্রদান করা হয়েছে। ফলে সিটি কর্পোরেশনের রাজস্ব বৃদ্ধি পেয়েছে। উক্ত প্রস্তাবে সভায় সকলে একমত পোষণ করেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় পূর্বের ইজারাদারের সাথে আলোচনা সাপেক্ষে ০৩ (তিন) বছর মেয়াদের লীজের ৭,৭৪,৭৮৩×৩=২৩,২৪,৩৪৯/- টাকা এর সাথে ভ্যাট ১৫% ও আয়কর ৫% =৪,৬৪,৮৭০/- টাকা সহ সর্বমোট = ২৭,৮৯,২১৯/- (সাতাশ লক্ষ উননব্বই হাজার দুইশত উনিশ) টাকা ইজারামূল্য একযোগে পরিশোধ করে লীজ নবায়ন করার নির্দেশনা প্রদান করেন। এক্ষেত্রে গত ১১/০৭/২০২৫ তারিখ হতে লীজ নবায়ন গণ্য করা হবে। পূর্বের ইজারাদার যদি শর্তসমূহে সম্মত না হয় তাহলে দরপত্রের মাধ্যমে ইজারা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | চিকলী বিলের উত্তর পার্শ্বের রাধাবল্লভ মৌজার, জে,এল নং-৯১, এস,এ খতিয়ান নং-১২, দাগ নং-১৩, জমির পরিমান-২৪.০৯ এর মধ্যে- ৪.৬০০ একর এবং ভগি মৌজা- জে,এল নং-৬১, খতিয়ান নং- ৩, দাগ নং-১০৯০, জমির পরিমান =৪৪.৮১ এর মধ্যে .৮০০০ একর মোট জমির পরিমান = ০৫.৪০০০ একর জমির ০৩ (তিন) বছর মেয়াদের লীজের ৭,৭৪,৭৮৩×৩= ২৩,২৪,৩৪৯/- টাকা এর সাথে ভ্যাট ১৫% ও আয়কর ৫% = ৪,৬৪,৮৭০/- টাকা সহ সর্বমোট = ২৭,৮৯,২১৯/- ২৭,৮৯,২১৯/- (সাতাশ লক্ষ উননব্বই হাজার দুইশত উনিশ) টাকা ইজারামূল্যে গত ১১/০৭/২০২৫ তারিখ হতে লীজ নবায়ন গণ্য করে লীজ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পূর্বের ইজারাদার যদি শর্তসমূহে সম্মত না হয় তাহলে দরপত্রের মাধ্যমে ইজারা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ৫ | শ্যামাসুন্দরী খালের দু' পাশের নক্সা জমাদানের পূর্বে মালিকগণ জেলা প্রশাসন / পানি উন্নয়ন বোর্ড, রংপুর হতে শ্যামাসুন্দরী খালের প্রস্থ ও ভবিষ্যৎ উন্নয়ন বিষয়ে অনাপত্তিপত্র ( NOC) গ্রহণ করে ফাইলের সঙ্গে সংযুক্ত করে সিটি কর্পোরেশনে নক্সা জমা করণ। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা শ্যামাসুন্দরী খালের দু' পাশের নক্সা জমাদানের পূর্বে মালিকগণ জেলা প্রশাসন, রংপুর হতে শ্যামাসুন্দরী খালের প্রস্থ ও ভবিষ্যৎ উন্নয়ন বিষয়ে অনাপত্তিপত্র (NOC) প্রদানের বিষয়ে উপস্থাপন করেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় অনাপত্তিপত্র (NOC) প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | শ্যামাসুন্দরী খালের দু' পাশের নক্সা জমাদানের পূর্বে মালিকগণ জেলা প্রশাসন, রংপুর হতে শ্যামাসুন্দরী খালের প্রস্থ ও ভবিষ্যৎ উন্নয়ন বিষয়ে অনাপত্তিপত্র (NOC) গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) ও নগর পরিকল্পনাবিদ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | অটো রিক্সা/ চার্জার রিক্সার লাইসেন্স প্রদান। | সভায় প্রধান রাজস্ব কর্মকর্তা জানান যে, জুলাই গণঅভ্যুত্থানে গেজেটভূক্ত শহীদ, আহত ব্যক্তি ও তাদের পরিবারের নিকট হতে অটো রিক্সা / চার্জার রিক্সার লাইসেন্সের জন্য আবেদন পাওয়া গেছে। এ বিষয়ে প্রশাসক মহোদয় গেজেটভূক্ত শহীদ, আহত ব্যক্তি ও তাদের পরিবারকে অটো রিক্সা / চার্জার রিক্সার লাইসেন্স প্রদানের নির্দেশনা প্রদান করেন। | জুলাই গণঅভ্যুত্থানে গেজেটভূক্ত শহীদ, আহত ব্যক্তি ও তাদের পরিবারকে অটো রিক্সা/ চার্জার রিক্সার লাইসেন্স প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৭ | লক্ষীহল সংলগ্ন এসটিএস অপসারণ ও জরুরী ভাবে বিকল্প ডাস্টবিন সংস্কার / নির্মাণকরণ। | সভায় প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জানান, জুলাই আন্দোলনের স্মরণে শহরের লক্ষীহলের স্থানে একটি স্মৃতিসৌধ তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত হল সংলগ্ন রংপুর সিটি কর্পোরেশনের একটি ছোট এসটিএস রয়েছে, যা অপসারণের জন্য জেলা কমিটির সভায় সিদ্ধান্ত হয়েছে। উক্ত এসটিএসটি বন্ধ করতে হলে বিকল্প হিসেবে ৪টি বিদ্যমান ডাস্টবিন সংস্কারপূর্বক বড় করে নির্মাণ (মেডিকেল পূর্বগেট ডাস্টবিন, শিমুলবাগ ডাস্টবিন, ইঞ্জিনিয়ারপাড়া পানির ট্যাংক সংলগ্ন ডাস্টবিন, পলিটেকনিক্যাল মাঠের কর্ণারে ডাস্টবিন) ও এর সাথে ৩টি নতুন ডাস্টবিন নির্মাণ (টার্মিনাল চত্বরের আম হাটি সংলগ্ন স্থান, স্টেশন চত্বরে ডাস্টবিন, বাবুপাড়া মৎস্য অফিসের কর্ণার) একান্ত প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | ডাস্টবিনসমূহ মেরামত / নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপন কর্মকর্তা ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা) |
| ৮ | শহরের বর্জ্য ব্যবস্থাপনার জন্য অত্যাবশ্যকীয়ভাবে দুইটি এস টি এস নির্মাণকরণ। | সভায় প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জানান, যেহেতু শহরের ভেতরে গুরুত্বপূর্ণ এসটিএস বন্ধ হয়ে যাচ্ছে এবং বর্জ্য ব্যবস্থাপনার চ্যালেঞ্জ দিনে দিনে বেড়ে যাচ্ছে সেহেতু শহরে জরুরী ভিত্তিতে কিছু এসটিএস নির্মাণ প্রয়োজন। যা বর্তমান ও ভবিষ্য বর্জ্য ব্যবস্থাপনার চ্যালেঞ্জ দিনে দিনে বেড়ে যাচ্ছে সেহেতু শহরের উপকুলেই জরুরী কিছু এসটিএস নির্মাণ প্রয়োজন। যা বর্তমান ও ভবিষ্যৎ বর্জ্য ব্যবস্থাপনার চ্যালেঞ্জ মোকাবেলায় খুই সহায়ক হবে। উক্ত লকেআয় প্রধান নির্বাহী কর্মকর্তাসহ কয়েকটি সম্ভাব্য স্থান স্থান দেখার পর নিম্নোক্ত স্থান দুটি সুবিধাজনক বলে প্রাথমিক ভাবে মনে হয়েছে।<br>১) সমতা মাঠের কর্ণারে (আর কে ফ্যানের বিপরীতে )<br>২) দখিগঞ্জ শ্মশান সংলগ্ন (রেশম উন্নয়ন বোর্ডের জমি) উক্ত স্থান দুটিতে ৩০-৫০শতক জমি ক্রয়/ অধিগ্রহণ পূর্বক আধূনিক এসটিএস নির্মাণ করা যেতে পারে।<br>খ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা আরও জানান যে সিও বাজার বিজিবি অফিসের বিপরীতে একটি খাস জমিতে জেলা প্রশাসকের ব্যবহাররের অনুমোতি সাপেক্ষে একটি ছোট এসটিএস নির্মাণ কাজ চলমান ছিলো কিন্তু বর্তমানে কাজ বন্ধ রয়েছে। এটি নির্মিত হলে মেডিকেল কলেজে গেট সংলগ্ন রাস্তার উপর নির্মিত এসটিএসটি সেখানে স্থানান্তরিত করা হবে। বন্ধ কাজটি শুরুর জন্য তিনি অনুরোধ জানান। প্রশাসক মহোদয় বন্ধ কাজগুলো শুরু করার নির্দেশনা প্রদান করেন। | ক) নতুন এসটিএস নির্মাণের সম্ভাব্য স্থানসমূহ ক্রয়/ অধিগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।<br><br>খ) নির্মাণ কাজ পুনরায় শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদা) |
| ৯ | বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি, নতুন প্রকল্প গ্রহণ ও প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত আলোচনা। | সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) রংপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন। ক) (১) তিনি জানান যে, ৯৫.৬৪ কোটি টাকা ব্যয়ে এল জি সি আর আরপি প্রকল্পে আওতায় ২৯টি প্যাকেজের মধ্যে ১৩টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে এবং ১৬টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। যার গড় ভৌত অগ্রগতি ৭৫%। (২) এলআইইউপিসিপি প্রকল্পের | উন্নয়নমূলক কাজ সঠিকভাবে ও নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আওতায় ১৯.৭৬ কোটি টাকা ব্যয়ে ২টি প্যাকেজে ৪টি ০৬ তলার ভবনের কাজ চলমান রয়েছে। যার গড় ভৌত অগ্রগতি ৩৫%। (৩) উন্নয়ন সহায়তা তহবিল ও নিজস্ব তহবিলের আওতায় ৩৭ কোটি টাকা ব্যয়ে ৪টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। যার গড় অগ্রগতি ৫২%। খ) বিশেষ বরাদ্দ ও সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থ দ্বারা বাস্তবায়নের নিমিত্ত বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক ৫টি প্যাকেজের দরপত্র আহবান প্রক্রিয়াধীন রয়েছে। প্রশাসক মহোদয় সঠিক সময়ে কাজ শেষ করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ১০ | বিবিধ (ক) নগর মাতৃসদন, সাতমাথায় মেডিসিন বিশেষজ্ঞ নিয়োগ। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা জানান যে, নগর মাতৃসদন কেন্দ্রে একজন মেডিসিন বিশেষজ্ঞ নিয়োগ প্রদান করা হলে সাধারন মানুষ সহজে স্বাস্থ্যসেবা পাবে। প্রশাসক মহোদয় লাইট হাউস কর্তৃপক্ষকে নগর মাতৃসদন কেন্দ্রে একজন মেডিসিন বিশেষজ্ঞ নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেন। | লাইট হাউস কর্তৃপক্ষকে একজন মেডিসিন বিশেষজ্ঞ নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা। |
| | খ) জমি ক্রয়ের অবশিষ্ট টাকা প্রদানকরণ। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন মাহিগঞ্জে অবস্থিত তাজহাট মৌজা জে,এল নং-৯৭, খতিয়ান নং-৯৩৪, ১১৪২, ডিপি খতিয়ান নং-৩০১৬, ৯৯৭, এস এ দাগ নং-৪২৯৬, আর এস দাগ নং-২০৬৮, ২০৯১, ২০৭৫, ২০৭৪, ২০৭৬,২০৬৯ জমির পরিমান .৫০.৫০ একর। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের স্মারক নং-৪৬.০০.০০০০.১৪.০০৬.১২-২৫০ মূলে জমি ক্রয়ের অনুমতিক্রমে মোট জমির মূল্য ১ (এক)কোটি টাকা নির্ধারিত হয়। জমি ক্রয়ের অর্ধেরক টাকা ৫২,০০,০০০/- (বায়ান্ন হাজার) প্রদান করা হয়। অবশিষ্ট ৪৮,৫০,০০০/- (আটচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পরিশোধ করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় অবশিষ্ট অর্থ জমি পরিদর্শনপূর্বক পরিশোধের নির্দেশনা প্রদান করেন। | তাজহাট মৌজা জে,এল নং-৯৭, খতিয়ান নং-৯৩৪, ১১৪২, ডিপি খতিয়ান নং-৩০১৬, ৯৯৭, এস এ দাগ নং-৪২৯৬, আর এস দাগ নং-২০৬৮, ২০৯১, ২০৭৫, ২০৭৪, ২০৭৬,২০৬৯ জমির পরিমান .৫০.৫০ একর জমি ক্রয়ের অবশিষ্ট টাকা জমি পরিদর্শনপূর্বক পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা/ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা |
| | গ) রংপুর সিটি কর্পোরেশনের জন্য যানবাহন ও যান্ত্রপাতি ক্রয় (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের প্যাকেজ নং-PG/07 (Re-Tender:863713) এর আওতায় সরবরাহকৃত অবশিষ্ট যানবাহন ও যন্ত্রপাতি বিল প্রদান সম্পর্কে আলোচনা। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা) সভায় জানান যে, বর্ণিত প্যাকেজের ৫টি আইটেমের ০৯টি যানবাহন ও যন্ত্রপাতিসমূহের মধ্যে প্রকলেপর নির্দিষ্ট সময়ের মধ্যে ৩টি আইটেমের ৫টি যানবাহন ও যন্ত্রপাতি ঠিকাদার সরবরাহ করে এবং ৫টি যানবাহন ও যন্ত্রপাতির বিল প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২টি আইটেমের ৪টি যানবাহন ও যন্ত্রপাতিসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে সরবরাহ করা সম্ভব হবে না মর্মে ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে প্রকল্পের সময় বৃদ্ধির জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে গত ১৩/০৩/২০২৫ইং তারিখের পিএসসি সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪.৩.১ প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি না করে এ পর্যায়ে সমাপ্ত করতে হবে।<br>৪.৩.২ সংগৃহীতব্য প্রকলেপর মেয়াদ উত্তীর্ণ হবার পরে সরবরাহকৃত অবশিষ্ট যান-যন্ত্রপাতিসমূহ প্রাক্কলন অনুযায়ী সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে সংগ্রহ করা যেতে পারে। পরবর্তীতে ঠিকাদার অবশিষ্ট যানবাহন ও যন্ত্রপাতিসমূহ সরবরাহ করে বিল প্রদানের জন্য প্রশাসক ও প্রধান নির্বাহী কর্মকর্তার বরাবরে এবং মন্ত্রণালয় | সিটি কর্পোরেশনের নিজস্ব আয় পর্যাপ্ত না থাকায় প্রকল্পের মেয়াদ উত্তীর্ণ হবার পরে সরবরাহকৃত অবশিষ্ট যান-যন্ত্রপাতিসমূহ প্রাক্কলন অনুযায়ী সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল হতে বিল প্রদান সম্ভব নয় মর্মে মন্ত্রণালয়কে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আবেদন করেন। তৎপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ হতে স্মারক নং- ৪৬. ০০. ০০০০. ০৭১.৩১.০০২.২০২২-৩৫২, তাং-০৮/৭/২০২৫ইং তারিখ মূলে একই সিদ্ধান্ত অনুব্যক্ত করেন। এ বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে প্রশাসক মহোদয় বিল প্রদান না করার নির্দেশনা প্রদান করেন। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/৭/২৫

মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.১৮.০০০০.১০১.০২.০০১.২৫-১২০৪

তারিখঃ ০১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, রংপুর সিটি কর্পোরেশন।
৪। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৫। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৬। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রংপুর।
৭। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৮। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
১০। বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (বিভাগীয় কমিশনার ও প্রশাসক, রংপুর সিটি কর্পোরেশন মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১। নির্বাহী প্রকৌশলী, অঞ্চল. . . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা , রংপুর সিটি কর্পোরেশন।
১৩। নগর পরিকল্পনাবিদ, রংপুর সিটি কর্পোরেশন।
১৪। সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), রংপুর সিটি কর্পোরেশন।
১৫। বস্তি উন্নয়ন কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১৬। প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
১৭। সহকারী পরিচ্ছন্ন কর্মকর্তা , অঞ্চল. . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১৮। . . . . . . . . . . . . . . . . . . . . . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১৯। শাখা প্রধান (সকল) রংপুর সিটি কর্পোরেশন।
২০। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশর (ওয়েব সাইটে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো।)
২১। অফিস নথি।

১৬/০৭/২৫

উম্মে ফাতিমা
(উপসচিব)
পরিচিতি নং- ১৬৬৭৮
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.